

## নাগরিকদের জন্য গুরুত্বপূর্ণ তথ্য

### আয়ুস্মান ভারত - প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা (AB PM-JAY), পশ্চিমবঙ্গ

আয়ুস্মান ভারত - প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা (AB PM-JAY) হল কেন্দ্র ও রাজ্য সরকারের একটি স্বাস্থ্য সুরক্ষা প্রকল্প। এই প্রকল্পের মাধ্যমে যোগ্য পরিবারগুলি নির্দিষ্ট সরকারি ও অনুমোদিত বেসরকারি হাসপাতালে ক্যাশলেস চিকিৎসা পরিষেবা পেতে পারেন।

### কী কী সুবিধা পাওয়া যাবে?

যোগ্য উপভোক্তারা পেতে পারেন:

- পরিবার পিছুবছরে সর্বোচ্চ ₹৫ লক্ষ পর্যন্ত স্বাস্থ্য সুরক্ষা কভারেজ
- ক্যাশলেস ও পেপারলেস চিকিৎসা পরিষেবা
- হাসপাতালে ভর্তি চিকিৎসা (Secondary & Tertiary Care)
- নির্দিষ্ট অস্ত্রোপচার, ICU, ওষুধ ও ডায়াগনস্টিক পরিষেবা
- ভর্তি-পূর্ব ও ভর্তি-পরবর্তী নির্দিষ্ট চিকিৎসা ব্যয়ের সুবিধা
- সারা ভারতের অনুমোদিত হাসপাতালগুলিতে চিকিৎসার সুবিধা
- পূর্ব-বিদ্যমান (Pre-existing) রোগের চিকিৎসা কভারেজ

### কারা যোগ্য উপভোক্তা?

গ্রামীণ এলাকার SECC ( Socio Economic Caste Census )Deprivation Criteria অনুযায়ী নিম্নলিখিত পরিবারগুলি যোগ্য হিসেবে বিবেচিত হতে পারে:

- এক কক্ষবিশিষ্ট কাঁচা ঘরে বসবাসকারী পরিবার
- পরিবারে ১৬-৫৯ বছর বয়সী কোনো প্রাপ্তবয়স্ক সদস্য নেই
- মহিলা প্রধান পরিবার, যেখানে ১৬-৫৯ বছর বয়সী কোনো প্রাপ্তবয়স্ক পুরুষ সদস্য নেই
- পরিবারে প্রতিবন্ধী সদস্য আছে এবং কর্মক্ষম প্রাপ্তবয়স্ক সদস্য নেই
- তফসিলি জাতি (SC) বা তফসিলি উপজাতি (ST) পরিবার
- ভূমিহীন পরিবার, যাদের প্রধান আয়ের উৎস দৈনিক মজুরিভিত্তিক শ্রম

স্বয়ংক্রিয়ভাবে অন্তর্ভুক্ত পরিবার (Automatically included)

- গৃহহীন পরিবার
- ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল পরিবার
- ম্যানুয়াল স্ক্যাভেঞ্জার পরিবার
- আদিম জনজাতি গোষ্ঠী (Primitive Tribal Groups)
- মুক্ত বন্ধকী শ্রমিক পরিবার (Legally released bonded labour)

শহর এলাকার যোগ্য উপভোক্তা

নির্দিষ্ট পেশাভিত্তিক শ্রমজীবী পরিবার যেমন র্যাগ পিকার, গৃহকর্ম সহায়ক/ সহায়িকা, রাস্তার হকার বা ফেরিওয়ালা, নির্মাণ শ্রমিক, স্যানিটেশন কর্মী, পরিবহন শ্রমিক, দর্জি বা কারুশিল্প কর্মী এবং ছোট দোকানের সহায়ক কর্মীরা যাচাই সাপেক্ষে এই প্রকল্পের আওতায় আসতে পারেন।

এছাড়াও, বৈধ RSBY তালিকাভুক্ত পরিবারগুলিকেও যাচাই সাপেক্ষে AB PM-JAY-এর আওতায় অন্তর্ভুক্ত করা হতে পারে।

এছাড়াও, ৭০ বছর বা তার বেশি বয়সী সকল প্রবীণ নাগরিক বিশেষ স্বাস্থ্য কভারেজের আওতায় আসতে পারেন। সেই সকল আবেদনকারীর জন্য নির্দিষ্ট application form আছে।

**যেসব উপভোক্তা ইতিমধ্যেই অন্তর্ভুক্ত, তাঁদের জনকল্যাণ শিবিরে (Jana Kalyan Shivar) নতুন করে আবেদন করার প্রয়োজন নেই**

নিম্নলিখিত উপভোক্তারা ইতিমধ্যেই বিবেচিত এবং তাঁদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই:

- NFSA-এর আওতাভুক্ত AAY, SPHH এবং PHH শ্রেণিভুক্ত পরিবার
- ASHA কর্মী ও তাঁদের পরিবার
- অঙ্গনওয়াড়ি কর্মী (AWW) ও অঙ্গনওয়াড়ি সহায়িকা (AWH) এবং তাঁদের পরিবার
- NFSA-এর আওতাভুক্ত ৭০ বছর বা তার বেশি বয়সী উপভোক্তা

**প্রয়োজনীয় নথিপত্র**

আবেদনের সময় নিম্নলিখিত নথিপত্র সঙ্গে আনতে হবে:

- রেশন কার্ড
- আধার কার্ড
- আধার-সংযুক্ত মোবাইল

- EPICকর্ড
- স্বাস্থ্যসার্থী কর্ড (যদি থাকে)

নির্দিষ্ট application form এ সঠিক তথ্য প্রদান করা অত্যন্ত জরুরি। ভুল তথ্য প্রদান করলে আবেদন বাতিল হতে পারে।